(782)



## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "কী ব্যাপার! কুরআনে পাঠে আমার সাথে প্রতিদ্বন্দিতা করা হচ্ছে" এর দ্বারা উদ্দেশ্য হলো জোরে কিরাআত পাঠ করা; ইমামের পিছনে কিরা'আত পাঠ করা উদ্দেশ্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم (ما لي أنازع القرآن) أراد به رَفْعَ الصَّوْتِ لَا الْقرَاءَةَ خَلْفَهُ

## আরবী

1842 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ رَجُلًا قَرَأَ خَلْفَ أَبُو عَوَانَةَ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ رَجُلًا قَرَأَ خَلْفَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الظُّهْرِ أَوِ الْعَصْرِ فَقَالَ: (أَيُّكُمْ قَرَأَ بِ: {سَبِّحِ اسْمَ ربك الأَعلَى} [الْأَعْلَى: 1]؟) فَقَالَ: رَجُلُ مِنَ الْقَوْمِ: أَنَا فَقَالَ: (قد عرفت أن بعضكم خالجنيها)

الراوي: عِمْرَان بْن حُصَيْنٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1842 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود))

## বাংলা

১৮৪২. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে যোহর কিংবা আসরের সালাতে কিরা'আত পাঠ করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমাদের মাঝে কে সূরা আ'লা পড়েছে?" জবাবে কওমের এক ব্যক্তি বলেন, "আমি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি বুঝতে পেরেছি যে, তোমাদের কেউ আমার সাথে প্রতিদ্বন্দিতা করছে (অথবা আমি যা পড়ছি, তা আমার মুখ থেকে নিয়ে নিচ্ছে)।"[1]

## ফুটনোট



[1] সহীহ মুসলিম: ৩৯৮; নাসাঈ: ২/১৪০; তাবারানী: ১৮/৫২৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২০৭; মুসান্নাফ িইবনু আবী শায়বাহ: ১/৩৫৭; মুসনাদ আহমাদ: ৪/৪২৬; আবূ দাউদ: ৮২৯; তাবারানী আল কাবীর: ১৮/৫২৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২৭৯৯; হুমাইদী: ৮৩৫; দারাকুতনী: ১/৪০৫; সুনান বাইহাকী: ২/১৬২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন